NEW YORK STATE | Department of Health

বারবার জিজ্ঞাসা করা প্রশ্নাবলী

টিকাটি কি নিরাপদ ও কার্যকরী?

COVID-19 টিকাটি ব্যবহারের জন্য খাদ্য ও ওষুধ পরিচালনা (Food and Drug Administration, FDA) দ্বারা অনুমোদিত হওয়ার পরে, অনেকগুলি টিকা নিরাপত্তা পর্যবেক্ষণ ব্যবস্থা প্রতিকূল প্রভাবগুলির (সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া) ওপরে নজর রাখে। এই চলতি নজরদারী এমন প্রতিকূল ঘটনাগুলি সনাক্ত করতে পারে যা নিদানিক পরীক্ষাগুলিতে দেখা নাও যেতে পারে। কোনো অপ্রত্যাশিত প্রতিকূল ঘটনা দেখা দিলে, বিশেষজ্ঞরা এটি দ্রুত আরও অধ্যয়ন করেন যাতে দেখা যায় যে এই নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগটি সত্য কিনা। বিশেষজ্ঞরা তারপরে সিদ্ধান্ত নেন যে যুক্তরাষ্ট্রের টিকা সংক্রান্ত সুপারিশগুলিতে পরিবর্তনের প্রয়োজন আছে কিনা।

নিউ ইয়র্ক স্টেট-এ COVID টিকার নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য পর্যালোচনার একটি অতিরিক্ত পর্যায় স্থাপন করা হয়েছিল। FDA এর অনুমোদনের পরে, নিউ ইয়র্কবাসীদের জন্য কোনো টিকা সুপারিশ করার আগে নিউ ইয়র্ক স্টেটের COVID-19 টিকার স্বাধীন নিদানিক উপদেষ্টা টাস্ক ফোর্স (Clinical Advisory Task Force) -এর বিশেষজ্ঞরা টিকা সংক্রান্ত গবেষণাকে ব্যাপকভাবে পর্যালোচনা করেন। 18 ডিসেম্বর 2020 এ, FDA এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাধীন নিদানিক উপদেষ্টা টাস্ক ফোর্স (Clinical Advisory Task Force) উভয়ই বর্তমানে দুটি COVID-19 টিকাকে অনুমোদন দিয়েছে: Pfizer/BioNTech টিকা ও Moderna টিকা।

টিকাটি থেকে আমার কি COVID হতে পারে?

না। অধ্যয়নের অধীনে থাকা কোনো টিকাই এমন উপাদান দিয়ে তৈরি নয় যা থেকে রোগ হতে পারে। উদাহরণ স্বরূপ, FDA দ্বারা অনুমোদিত প্রথম টিকাটি ভাইরাসের ‘mRNA’ নামের জিনগত উপাদানের একটি ছোট, ক্ষতিহীন অংশকে ব্যবহার করে। এটি ভাইরাস নয়। mRNA টিকাগুলি আপনার শরীরকে ভাইরাস প্রোটিন তৈরি করতে শেখায়। আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা এই প্রোটিনগুলির বিরুদ্ধে অ্যান্টিবডি প্রস্তুত করে যা আপনি COVID-19 এর জন্য দায়ী ভাইরাসের সংস্পর্শে এলে, আপনাকে ভাইরাসটির সঙ্গে লড়াই করতে সাহায্য করবে। একে রোগ প্রতিরোধক প্রতিক্রিয়া বলা হয়।

টিকাটি কি আমাকে অসুস্থ করে তুলবে?

আপনি ইঞ্জেকশন নেওয়ার পরে, আপনি যেমন বোধ করেন সেই ক্ষেত্রে কোনো পরিবর্তনই লক্ষ্য না করতে পারেন। তবে সামান্য "শরীর খারাপের (under the weather)" অনুভূতি হওয়াও সম্ভব। যে কোন টিকা নেওয়ার পরে এটা হতে পারে। এটা টিকা নেওয়ার পরে শরীরের রোগ প্রতিরোধী প্রতিক্রিয়া, এবং টিকাটি কাজ করা শুরু করছে তার একটি লক্ষণ।

COVID-19 টিকাটির পরে, আপনার হতে পারে:

- আপনি হাতে যেখানে ইঞ্জেকশন নিয়েছিলেন সেখানে ব্যথা
- মাথা ব্যথা
- শীত করা
- জ্বর
- ক্লান্তি

বিনা প্রেসক্রিপশনে কেনা ব্যথা উপশমকারী ওষুধ ও জ্বর কমানোর ওষুধগুলি সাহায্য করতে পারে।

আপনার এক বা দুই দিনের মধ্যে ভাল বোধ করা উচিত। আপনি যদি দুই বা তিন দিন পরেও ভাল বোধ না করেন, তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।

আমার কি COVID-19 টিকাটি থেকে অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া হতে পারে?

যে কোনো ওষুধ বা টিকার মত জৈবিক পণ্যের প্রতিই মানুষের অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া হতে পারে। বেশির ভাগ অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া হয় টিকা প্রয়োগ করার অল্প পরেই, যে কারণে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কেন্দ্রসমূহ (Centers for Disease Control and Prevention, CDC) অ্যানাফাইল্যাক্সিস (যে কোনো কারণে)-এর

ইতিহাস থাকা ব্যক্তিদের টিকাকরণের পরে 30 মিনিটের জন্য পর্যবেক্ষণ করার সুপারিশ করে, আর অন্য সকল ব্যক্তিকে টিকাকরণের পরে 15 মিনিটের জন্য পর্যবেক্ষণ করা হয়। অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়ার অসম্ভাব্য ঘটনায় যাতে মেডিকাল চিকিৎসা উপলভ্য থাকে, তা সুনিশ্চিত করার জন্য টিকাকরণের সকল স্থানে অবশ্যই উপযুক্ত উপকরণ থাকতে হবে। টিকাটির "যে কোনো অংশে" অ্যালার্জি আছে এমন ব্যক্তিদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কেন্দ্রসমূহ টিকাটি না নেওয়ার পরামর্শ দেয়।

টিকাগুলি কি শিশু ও গর্ভবতী মহিলাদের জন্য নিরাপদ?

এই গোষ্ঠীগুলির ওপরে টিকাটি পরীক্ষা করার জন্য অধ্যয়ন পরিচালনা করতে হবে। আজ পর্যন্ত, COVID-19 টিকাগুলির কোনো পর্যায় 3 নিদানিক অধ্যয়নে 12 বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করা হয় নি, এবং গর্ভবতী মহিলাদের ওপরে সীমিত তথ্য উপলভ্য আছে।

COVID-19 টিকাগুলিতে কি প্রাণী-ভিত্তিক উপাদান আছে?

না। Moderna ও Pfizer BioNTech COVID-19 টিকাগুলির উৎপাদন প্রক্রিয়াটি কোষমুক্ত এবং উভয় টিকাতেই কোনো মানব বা প্রাণীজ পণ্য, প্রিজার্ভেটিভ বা অ্যাডজুভ্যান্ট নেই এবং মানব বা প্রাণীজ উৎসের কোনো উপাদান ব্যবহার করা হয় না।

আপনি যদি একটি টিকা নেন, তাহলে আপনার কি আগে থেকে একটি নেগেটিভ COVID পরীক্ষা প্রয়োজন?

না। COVID-19 টিকা নেওয়ার আগে CDC COVID-19 এর জন্য কোনো নির্ণায়ক পরীক্ষার সুপারিশ করে না।

আমার যদি ইতিমধ্যেই COVID-19 হয়ে থাকে এবং আমি আরোগ্যলাভ করে থাকি, তাহলেও কি আমার টিকা নেওয়ার প্রয়োজন আছে?

হ্যাঁ। আপনার যদি ইতিমধ্যেই COVID-19 হয়ে থাকে তাহলেও CDC আপনাকে টিকা নেওয়ার পরামর্শ দেয়, কারণ আপনি একবারের বেশিও এতে আক্রান্ত হতে পারেন। COVID-19 থেকে সেরে ওঠার পরে আপনার কিছুটা স্বল্পকালীন অ্যান্টিবডি সুরক্ষা থাকলেও, আমরা জানি না যে এই সুরক্ষা কতদিন স্থায়ী হবে।

আমার কোনো অন্তর্নিহিত চিকিৎসাগত অবস্থা থাকলে আমার COVID-19 টিকা নেওয়া কি নিরাপদ?

হ্যাঁ। হৃদরোগ, ফুসফুসের রোগ, ডায়াবিটিস ও স্থূলতার মত স্বাস্থ্যের অন্তর্নিহিত সমস্যা থাকা মানুষদের জন্য COVID-19 টিকাকরণ বিশেষভাবে গুরুত্বপূর্ণ। যে ব্যক্তিদের এই অবস্থাগুলি আছে তাদের COVID-19 থেকে খুব বেশি অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা বেশি আছে। COVID টিকা ও আপনার স্বাস্থ্য সম্বন্ধে আপনার সুনির্দিষ্ট প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে পরামর্শ করুন।

টিকা থেকে রোগ প্রতিরোধ ক্ষমতার পরিবর্তে, COVID-19 এর বিরুদ্ধে প্রাকৃতিক রোগ প্রতিরোধ ক্ষমতা পাওয়াই কি বেশি ভাল?

না। COVID-19 থেকে সেরে ওঠার পরে আপনার কিছুটা স্বল্পকালীন অ্যান্টিবডি সুরক্ষা থাকলেও, আমরা জানি না যে এই সুরক্ষা কতদিন স্থায়ী হয়। টিকাকরণ হল সর্বোত্তম সুরক্ষা, এবং তা নিরাপদ। যে মানুষদের COVID-19 হয় তাদের গুরুতর অসুস্থতা হতে পারে, এবং কিছু মানুষের দুর্বলকারী উপসর্গ হতে পারে যা কয়েক মাস স্থায়ী হয়।

টিকাটি থেকে কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হবে কি?

টিকাগুলির সাথে সম্পর্কিত কোনো গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়ার রিপোর্ট পাওয়া যায় নি। নিদানিক অধ্যয়নগুলিতে যে সকল সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে তার মধ্যে আছে ক্লান্তি, ইঞ্জেকশন দেওয়ার স্থানে পেশীতে ব্যথা ও জ্বর।

টিকাটি এত দ্রুত কীভাবে প্রস্তুত করা হয়েছিল?

এমন অনেকগুলি বিষয় আছে যেগুলি সম্মিলিতভাবে COVID-19 টিকাটিকে দ্রুত ও নিরাপদে প্রস্তুত করার সুযোগ দিয়েছিল:

- গবেষকরা টিকা প্রস্তুত করার ক্ষেত্রে দ্রুত অগ্রসর হয়েছিলেন কারণ COVID-19 এর জন্য দায়ী ভাইরাসটি অন্যান্য বিদ্যমান ভাইরাসগুলির অনুরূপ।
- নতুন ভাইরাসটি সম্বন্ধে গবেষণা প্রায় সঙ্গে সঙ্গেই সারা বিশ্ব জুড়ে বিজ্ঞানীদের সঙ্গে আদানপ্রদান করা হয়েছিল, যা তাৎক্ষণিকভাবে টিকা প্রস্তুত করার কাজ শুরু করার সুযোগ দিয়েছিল।
- কিছু গবেষক একই সাথে প্রথম ও দ্বিতীয় পর্যায়ের পরীক্ষাগুলিচালাতে সক্ষম হয়েছিলেন।
- COVID-19 এর ওপরে অধ্যয়নগুলিতে সাম্প্রতিক টিকার পরীক্ষাগুলির থেকে বেশি সংখ্যক মানুষ অন্তর্ভুক্ত ছিলেন, আরও সংক্ষিপ্ত সময় যাবত আরও বেশি সংখ্যক মানুষ।
- অধ্যয়নগুলি চলতে থাকার সময়ে, যুক্তরাষ্ট্রীয় সরকার সবচেয়ে প্রতিশ্রুতিময় টিকাগুলি উৎপাদন করার অনুমতি দিয়েছিল। তার মানে হল, এটি অনুমোদিত হওয়ার পরে প্রায় অবিলম্বেই জনগণকে প্রদান করা যায়।

এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে সকল টিকা প্রস্তুতকারককে উন্নয়ন প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ের মধ্যে যেতে হয় এবং নিরাপত্তা ও কার্যকরিতার (কোনো কিছু কতটা ভালভাবে কাজ করে) সকল মানদণ্ড পূরণ করতে হয়। টিকার পরীক্ষা ও অনুমোদন প্রক্রিয়ার বৈশিষ্ট্যমূলক অনেকগুলি ধাপ সম্বন্ধে জানুন।

নিদানিক পরীক্ষাগুলিতে কারা ছিলেন?

আপৎকালীন ব্যবহারের জন্য FDA দ্বারা অনুমোদিত উভয় টিকার নিদানিক পরীক্ষাগুলিতে কয়েক হাজার পুরুষ ও মহিলাকে অন্তর্ভুক্ত করা হয়েছিল, যারা বৈচিত্র্যপূর্ণ বর্ণগত ও জাতিগত পটভূমি থেকে বিভিন্ন বয়সের প্রতিনিধিত্ব করেন এবং যাদের স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন মাত্রার উদ্বেগ ছিল।

নিদানিক পরীক্ষার অংশগ্রহণকারীদের জনতাত্ত্বিক বিভাজনটি এখানে পাওয়া যায়:

- Moderna টিকা
- Pfizer টিকা

ডায়াবিটিস বা উচ্চ রক্তচাপ সহ আনুষঙ্গিক অসুস্থতা থাকা মানুষদের কি নিদানিক পরীক্ষাগুলিতে অন্তর্ভুক্ত করা হয়েছিল?

হ্যাঁ। উভয় টিকার জন্য নিদানিক পরীক্ষায় এমন অংশগ্রহণকারীদের অন্তর্ভুক্ত করা হয়েছিল যাদের অন্ততঃ একটি অবস্থা আছে বলে সনাক্ত করা হয়েছিল যে অবস্থাটির কারণে তাদের COVID-19 এর তীব্র জটিলতার ঝুঁকি বৃদ্ধি পায়, যার মধ্যে আছে:

- দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ (যেমন এম্ফিসেমা ও দীর্ঘস্থায়ী ব্রংকাইটিস, ইডিওপ্যাথিক পালমোনারি ফাইব্রোসিস ও সিস্টিক ফাইব্রোসিস) অথবা মাঝারি থেকে তীব্র হাঁপানি
- উল্লেখযোগ্য হৃৎপিণ্ডের রোগ (যেমন হৃৎপিণ্ডের অকার্যকারিতা, করোনারি ধমনীর রোগ, জন্মগত হৃদরোগ, কার্ডিওমায়োপ্যাথি, ও পালমোনারি হাইপারটেনশন)
- স্থূলতা (বডি মাস ইনডেক্স ≥ 30 kg/m2)
- ডায়াবেটিস (প্রকার 1, প্রকার 2 বা গর্ভাবস্থাকালীন)
- লিভারের রোগ
- হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস (Human Immunodeficiency Virus, HIV) সংক্রমণ (কার্যদক্ষতা মূল্যায়নে অন্তর্ভুক্ত ছিল না)

আমি যদি COVID-19 টিকা নিই, তাহলেও কি আমাকে মাস্ক পরতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে?

হ্যাঁ। টিকাটি পর্যায়ক্রমে প্রচলনের সাথে, আপনাকে অনুমেয় ভবিষ্যতে মাস্ক পরা, সামাজিক দূরত্ব বজায় রাখা, এবং হাতের সুস্বাস্থ্যবিধি অব্যাহত রাখতে হবে।

মাস্ক ব্যবহারের বিষয়ে সুপারিশগুলি পরিবর্তন করার সিদ্ধান্ত নেওয়ার আগে, COVID-19 টিকাগুলি যে সুরক্ষা প্রদান করে তা বোঝার জন্য বিশেষজ্ঞদের আরও সময় প্রয়োজন। কতজন মানুষকে টিকা দেওয়া হয় এবং ভাইরাসটি কীভাবে জনসমাজের মধ্যে ছড়িয়ে পড়ছে তা সহ, অন্যান্য বিষয়গুলিও এই সিদ্ধান্তকে প্রভাবিত করবে।

কারা প্রথমে টিকা পাবে?

নিউ ইয়র্ক স্টেট COVID-19 টিকাগুলি প্রয়োজন ও ঝুঁকির ভিত্তিতে পর্যায়ক্রমে বিতরণ করবে। যে নিউ ইয়র্কবাসীদের ভাইরাসের সংস্পর্শে আসার সম্ভাবনা বেশি এবং যারা COVID-19 এ আক্রান্ত হলে গুরুতর অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা বেশি, তাদেরকে প্রথমে টিকাটি প্রদান করা হবে। যুক্তরাষ্ট্রীয় সরকার ও নিউ ইয়র্ক স্টেট উভয়ই সুনিশ্চিত করার জন্য পরিকল্পনা প্রস্তুত করেছে যাতে প্রচুর পরিমাণে টিকা উপলভ্য হওয়ার সাথে সাথেই প্রত্যেকে বিনা খরচে একটি COVID-19 টিকা পেতে পারেন, তারা যেখানেই বসবাস করুন না কেন।

পর্যায় 1 এর অংশ হিসেবে প্রথমে যে নিউ ইয়র্কবাসীরা টিকাটি পাবেন, তারা হলেন উচ্চ-ঝুঁকিসম্পন্ন হাসপাতাল কর্মী (এমার্জেন্সি রুম কর্মী, ICU কর্মী এবং পালমোনারি বিভাগের (Pulmonary Department) কর্মী), নার্সিক হোমের আবাসিক, নার্সিং হোমের কর্মী, তারপরে সকল দীর্ঘকালীন ও কংগ্রেগেট পরিচর্যার আবাসিক ও কর্মী, EMS কর্মী, অন্যান্য স্বাস্থ্য পরিচর্যা কর্মী, মৃতদেহ পরীক্ষক ও চিকিৎসাগত পরীক্ষক।

একটির বেশি টিকা উপলভ্য হবে কি?

হ্যাঁ। বর্তমানে FDA দ্বারা দুটি টিকা অনুমোদিত হয়েছে এবং আরও টিকা প্রত্যাশিত।

ডিসেম্বর 9, 2020 পর্যন্ত যুক্তরাষ্ট্রে চারটি টিকার পর্যায় 3 নিদানিক পরীক্ষা শুরু হয়েছে।

একটি টিকা নিরাপদ কিনা এবং তা কতটা ভালভাবে কাজ করে তা অধ্যয়ন করার জন্য পর্যায় 3 পরীক্ষাগুলি বিশাল সংখ্যক মানুষের সাথে পরিচালনা করা হয়।

আমার কি একটির বেশি ইঞ্জেকশন প্রয়োজন হবে?

ইউএস-এ বর্তমানে পর্যায় 3 নিদানিক পরীক্ষায় থাকা COVID-19 টিকাগুলির মধ্যে একটি ছাড়া বাকি সবগুলিই কার্যকরী হওয়ার জন্য দুটি ইঞ্জেকশন প্রয়োজন হয়।

টিকাটি কি বিনামূল্যে?

হ্যাঁ। COVID-19 টিকাগুলি বিনা মূল্যে উপলভ্য হবে।

COVID-19 টিকায় কী আছে?

Pfizer-এর COVID-19 টিকার উপাদানগুলি 25 পাতায় এখানেতালিকাভুক্ত আছে।

Moderna-এর COVID-19 টিকার উপাদানগুলি 2 পাতায় এখানেতালিকাভুক্ত আছে।

টিকার রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন স্থায়ী হবে?

গবেষকরা এখনও জানেন না যে টিকাকরণের পরে রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন স্থায়ী হয়। সেই কারণেই মাস্ক পরা, নিয়মিতভাবে আপনার হাত ধোওয়া এবং সামাজিক দূরত্ব বজায় রাখার মত প্রতিরোধক অভ্যাসগুলি অব্যাহত রাখা এরপরেও গুরুত্বপূর্ণ হবে।

আমি "সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা" সম্বন্ধে শুনেছি। জনসাধারণকে COVID-19 এর জন্য "সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা" অর্জন করাতে কী প্রয়োজন হবে?

যখন পর্যাপ্ত সংখ্যক মানুষ একটি রোগ থেকে সুরক্ষিত থাকেন যার ফলে রোগটি ছড়ানো অব্যাহত থাকার সম্ভাবনা কমে যায়, তখন 'সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা' অর্জিত হয়। ফলস্বরূপ, ভাইরাসটি জনসমাজের মধ্যে সহজে ছড়াবে না। বিশেষজ্ঞরা জানেন না যে COVID-19 এর জন্য সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা অর্জন

করার জন্য কত শতাংশ মানুষকে টিকাদানের প্রয়োজন হবে। তারা এটাও জানেন না যে টিকাটি মানুষকে কতদিন সুরক্ষা প্রদান করবে।
COVID-19-কে স্বাভাবিকভাবে জনসমাজের মধ্যে ছড়িয়ে পড়তে দেওয়া হলে, তার ফলে অনাবশ্যক সংক্রমণ, কষ্টভোগ ও মৃত্যু হবে।
আমাকে কি বাধ্যতামূলকভাবে টিকা নিতে হবে?
নিউ ইয়র্ক স্টেট COVID-19 টিকাকে বাধ্যতামূলক করছে না।